

শেখেরবাংলা

তারিখ .. 26 MAR 2013 ..
পৃষ্ঠা .. 2

শেখেরবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় কৃষি বার্তা প্রকাশিত

সম্রাট রাজধানীর শেখেরবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে 'শেখের বার্তা'র মোড়ক উন্মোচন হয়েছে। বুধবার বিকাল ৪টায় উপাচার্যের জনসভায় কৃষি পোশ্টি বিজ্ঞান বিভাগের প্রফেসর ড. মো. আনোয়ার হক বেগের সভাপতিত্বে প্রধান অতিথি থেকে বইটির মোড়ক উন্মোচন করেন উপাচার্য প্রফেসর মো. শাদাত উজ্জ্ব। বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. মো. শহীদুল কবীর উইয়া। কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. হযরত আলী, পরিচালনা উন্নয়ন ও ওয়ার্কসের পরিচালক প্রফেসর ড. কামাল উম্মিন আহমদ, স্নাতক পরামর্শ ও নির্দেশনা পরিচালক এবং শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. অলক কুমার পাল, প্রক্টর সহযোগী অধ্যাপক মো. মোফাজ্জল হোসাইনসহ শিক্ষক কর্মকর্তা ও শিক্ষার্থীরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

শেখের বার্তা সম্পাদনা পরিষদের উপদেষ্টা প্রফেসর মো. শাদাত উজ্জ্ব, সভাপতি পোশ্টি বিজ্ঞান বিভাগের প্রফেসর ড. মো. আনোয়ার হক বেগ, সদস্য ও সম্পাদক জনসংযোগ ও প্রকাশনা দফতরের সেকশন অফিসার মো. বশিরুল ইসলাম এবং সদস্যসচিব কৌশলিক ও উদ্ভিদ প্রজনন বিভাগের প্রফেসর ড. মো. ছয়্যাওয়ার হোসেন। উপাচার্য তার বক্তব্যে বিশ্ববিদ্যালয়ে প্রথম এই বার্তা প্রকাশের জন্য প্রকাশনা কমিটিকে ধন্যবাদ জানান। উল্লেখ্য, চার মাস পর পর এই মূল্যে প্রকাশ করা হবে। এতে কৃষিবিষয়ক আবিষ্কার, উদ্ভোধন, প্রশিক্ষণ কর্মসূচি, চুক্তিনামা, ক্যাম্পাসের পরিচিতি, অভিনন্দন, বিভিন্ন দিবস পালন, ভিত্তিপ্রস্তর স্থাপন, নৃত্য সংবাদ, মেধাবী মুখ, সভা প্রভৃতি সংবাদ পরিবেশন করা হবে।

□ বশিরুল ইসলাম